

নিষিদ্ধ আওয়ামী অপতৎপরতা রুখে জাবির ফটকগুলোতে জাকসুর আহবানে শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচি

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ০৪:৩৯, ১৩ নভেম্বর ২০২৫; আপডেট: ০৪:৪১, ১৩
নভেম্বর ২০২৫



ফ্যাসিস্ট হাসিনার রায়কে কেন্দ্র করে যেকোনো অপতৎপরতা রুখে
দিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ফটকগুলোতে জাকসুর
আহবানে অবস্থান কর্মসূচি ও মোটরসাইকেলে ক্যাম্পাস প্রদক্ষিণ
করেছে শিক্ষার্থীরা।

বুধবার (১২ নভেম্বর) রাত ১১টা থেকে এ কর্মসূচি শুরু হয়। আগামিকাল ফ্যাসিস্ট হাসিনার রায় ঘোষণা পর্যন্ত এ কর্মসূচি চলবে বলে জানিয়েছেন আয়োজকরা।

জাকসু নেতৃবৃন্দের কাছ থেকে জানা যায়, ফ্যাসিস্ট হাসিনার রায়কে কেন্দ্র করে সারাদেশে সন্ত্রাসী অপতৎপরতা চালানোর চেষ্টা করছে নিষিদ্ধ আওয়ামীলোগ ও তার সহযোগী সংগঠন ছাত্রলীগ। এ অপতৎপরতা রুখে দিতে আবাসিক হলগুলোর ছাত্র সংসদের সাথে সমন্বয় করে শিক্ষার্থীদের নিয়ে অবস্থান কর্মসূচির ঘোষণা দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ফটকগুলোতে বিভিন্ন হল সংসদের নেতৃত্বে শিক্ষার্থীরা অবস্থান কর্মসূচি পালন করছেন।

রাত ৩টায় সরেজমিনে ক্যাম্পাস ঘুরে দেখা যায়, বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে জাকসু নেতৃবৃন্দ, বিশমাইল ফটকে মওলানা ভাসানী হল ছাত্র সংসদ, সিএন্ডবি সংলগ্ন ফটকে মীর মশাররফ হোসেন হল ছাত্র সংসদ, প্রান্তিক ফটকে ১০ নং হল ছাত্র সংসদ, ইসলামনগর ফটকে আল বেরুণী হল, আ ফ ম কামাল উদ্দিন হল ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হল ছাত্র সংসদ এবং গেরুয়া ফটকে শহীদ রফিক-জবাবার হল ছাত্র সংসদের নেতৃত্বে অবস্থান নিয়েছেন শিক্ষার্থীরা। এছাড়া প্রধান ফটকে জাতীয় ছাত্রশক্তি জোবি শাখার নেতৃবৃন্দকেও অবস্থান করতে দেখা যায়। এসময় শিক্ষার্থীদের অনেককে ক্রিকেট খেলে, গান গেয়ে সময় পার করতে দেখা যায়।

অবস্থান কর্মসূচির বিষয়ে জাকসুর জিএস মাজহারুল ইসলা, নিষিদ্ধ ছাত্রলীগ, আওয়ামিলীগ দেশকে অস্থিতিশীল করতে উঠে পড়ে লেগেছে। আমরা শিক্ষার্থীরা কোনো ধরনের অপতৎপরতা মেনে নিবো না। তাদের ঝটিকা অপপ্রয়াস প্রতিহতে সচেষ্ট রয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

জাকসুর ভিপি আব্দুর রশিদ জিতু সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেন, জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের রক্তের দাগ এখনো শুকায়নি। এরই মধ্যে দেশের বিভিন্ন প্রান্তে পরাজিত শক্তিরা আবারও নানাভাবে নাশকতার ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। কিন্তু তাদের সেই সকল অপচেষ্টা প্রতিহত করতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সর্বদা প্রস্তুত —দাতভাঙ্গ জবাবই হবে তাদের প্রাপ্য উত্তর।

